2026

BENGALI

(Major)

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
* Nagaon : Assam *

Paper : BEN4400104 MJ

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস)

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) জয়দেবের বিখ্যাত কাব্যটির নাম কী ?

(খ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে ?

(গ) ভারতচন্দ্রের জন্ম সাল কত ?

(ঘ) নারায়ণ দেব কোন্ কাব্যধারার কবি ?

(ঙ) 'শিবায়ণ' কাব্যের শ্রেষ্ঠ কবি কে ?

(চ) মালাধর বসু কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন ?

(ছ) 'দুর্গামঙ্গল' কাব্যের একজন কবির নাম লেখো।

(জ) ঘনরাম চক্রবর্তীর কাব্যটির নাম কী?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) 'চর্যাপদ'-এর আবিষ্কার ও প্রকাশ সাল উল্লেখ করো।

(খ) 'চর্যাপদ'-এর দুজন পদকর্তার নাম লেখো।

(গ) আদি-মধ্যযুগের বাংলা সাহিত্যের একমাত্র নিদর্শন কোনটি? কাব্যটির রচয়িতা কে?

(ঘ) প্রাক্‌চৈতন্য যুগের কৃষ্ণলীলা-বিষয়ক দুটি কাব্যের নাম লেখো।

(ঙ) বাংলা সাহিত্যে প্রথম সন-তারিখযুক্ত কাব্য কোনটি? কাব্যটির রচয়িতা কে?

(চ) বাংলা সাহিত্যে প্রথম অনুবাদক কে? তাঁর অনূদিত গ্রন্থের নাম কী?

(ছ) কৃত্তিবাসকে 'এবঙ্গের অলংকার' বলে কে উল্লেখ করেছেন? কৃত্তিবাস কোন্ শতকের কবি?

(জ) চৈতন্যদেবের জন্ম ও মৃত্যু সাল কত?

Anandaram Dhekial Phookan College Library * Nagaon Assam * Acc. No. Date

(ঝ) চৈতন্যদেব আস্বাদন করেছিলেন এমন দুজন বৈষ্ণব কবির নাম লেখো।

(ঞ) নাথ সাহিত্যের কাহিনিবৃত্ত দুটির নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) আদিযুগের বাংলা ভাষার ঐতিহাসিক মূল্য 'চর্যাপদ'-এর নিরিখে আলোচনা করো।

(খ) টীকা লেখো : মালাধর বসু *অথবা* বাউল গান।

(গ) বাংলা সাহিত্যে বিদ্যাপতির অবদান সম্পর্কে আলোচনা করো।

(ঘ) কবীন্দ্র পরমেশ্বরের কাব্য-কৃতিত্বের ওপর একটি সংক্ষিপ্ত আলোচনা প্রস্তুত করো।

(ঙ) বাংলা সাহিত্যে কবি জয়দেবের প্রভাব কেমন ছিল তা আলোচনা করো।

(চ) টীকা লেখো : শ্রী শ্রী কৃষ্ণ চৈতন্য চরিতামৃত।

(ছ) রামেশ্বর ভট্টাচার্যের কবি-কৃতিত্ব নিয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা প্রস্তুত করো।

(জ) 'মহারাষ্ট্র পুরাণ' গ্রন্থটি সম্পর্কে যা জান, সংক্ষেপে লেখো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বাংলা মহাভারত অনুবাদ কর্মে কাশীরাম দাসের অবদান আলোচনা করো।

(খ) মনসামঙ্গল কাব্য রচনায় কবি বিজয় গুপ্তের কবিত্ব প্রতিভার পরিচয় দাও।

(গ) শাক্ত পদাবলী সাহিত্যে রামপ্রসাদ সেনের অবদান নিয়ে একটি বিস্তৃত আলোচনা প্রস্তুত করো।

(ঘ) যুগসন্ধির কবি হিসাবে রায়গুণাকর ভারতচন্দ্রের অবদান কতটা ?

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সাহিত্যিক মূল্য বিচার করো।

★★★

Srimanta Sankardeva Dhekial Phookan College Library * Acc. No. Date * Nagaon : Assam *